

চট্টগ্রাম ও মাদরাসা বোর্ডের স্থগিত পরীক্ষার তারিখ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

বন্যার কারণে চট্টগ্রাম ও মাদরাসা বোর্ডের এইচএসসি ও সমমানের স্থগিত
পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। তবে কারিগরি বোর্ডের পরীক্ষাগুলোর
সূচি এখনো জানানো হয়নি।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষার স্থগিত হওয়া প্রথম চারটি
বিষয়ের নতুন তারিখ নির্ধারণ করা হয়েছে ২৭ সেপ্টেম্বর, ১, ৩ ও ৫ অক্টোবর।
এর মধ্যে চট্টগ্রাম বোর্ডের ১৭ আগস্টের বাংলা প্রথম পত্র পরীক্ষা ২৭ সেপ্টেম্বর
অনুষ্ঠিত হবে।

২০ আগস্টের বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা ১ অক্টোবর, ২২ আগস্টের ইংরেজি প্রথম

পত্র ৩ অক্টোবর এবং ২৪ আগস্টের ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা ৫ অক্টোবর

নেওয়া হবে।

অন্যদিকে মাদরাসা শিক্ষা বোর্ডের অধীন আলিম পরীক্ষার প্রথম চারটি বিষয়ের

পরীক্ষার নতুন তারিখ ১, ৩, ৫ ও ৮ অক্টোবর। নতুন নির্ধারিত সময়সূচি অনুযায়ী

১৭ আগস্টের কোরআন মাজিদ পরীক্ষা ১ অক্টোবর অনুষ্ঠিত হবে। ২০ আগস্টের

আরবি প্রথম পত্র (সাধারণ বিভাগ) এবং আরবি সাহিত্যের (বিজ্ঞান ও মুজারিদ

মাহির বিভাগ) পরীক্ষা ৩ অক্টোবর, ২২ আগস্টের বাংলা প্রথম পত্র ৫ অক্টোবর

এবং ২৪ আগস্টের বাংলা দ্বিতীয় পত্র ৮ অক্টোবর অনুষ্ঠিত হবে।

প্রাকৃতিক দুর্যোগের কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি ও সমমান পরীক্ষা

আগামী ১৭ আগস্টের পরিবর্তে আগামী ২৭ আগস্ট থেকে শুরু হবে বলে আগেই

জানানো হয়েছিল।

অন্যান্য বোর্ডের পরীক্ষা যথারীতি আগামী ১৭ আগস্ট থেকে প্রকাশিত সময়সূচি

অনুযায়ী অনুষ্ঠিত হবে।